# সারগাছি রামকৃষ্ণ মিশন উচ্চ বিদ্যালয়


(রামকৃষ্ণ মিশনের প্রথম বিদ্যালয়, স্থাপিত ১৯০০ খ্রীষ্টাব্দ)
পোষ্ট অফিস - সারগাছি আশ্রম, থানা – বেলডাঙ্গা, জেলা – মুর্শিদাবাদ, পশ্চিমবঙ্গ,
পিন - ৭৪২৪০৮, চলভাষ - ০৩৪৮২- ২৯৬৭০১, মোবাইল – ৯১৪৪৮৫৯২৩১
**Email** – srkmhs1900@gmail.com, **Website** – www.rkmsargachi.org/rkm-hs-school

## ২০২৫ শিক্ষাবর্ষে পঞ্চম থেকে নবম শ্রেণিতে প্রবেশিকা পরীক্ষার মাধ্যমে ছাত্র ভর্তির বিজ্ঞপ্তি।

### : ইতিবৃত্ত :

১৮৯৭ খ্রীষ্টাব্দের মে মাসে রামকৃষ্ণ মিশন প্রতিষ্ঠার পর স্বামী বিবেকানন্দের প্রিয় গুরুভাই এবং শ্রীরামকৃষ্ণের অন্যতম পার্ষদ স্বামী অখণ্ডানন্দ বাঙলার প্রসিদ্ধ স্থানসমূহ দর্শনের উদ্দেশ্যে প্রায় কপর্দকশূন্য অবস্থায় গঙ্গার ধারে ধারে উত্তরে যাত্রা শুরু করলেন। পলাশী পার হয়ে দাদপুর (পূর্বতন দাউদপুর) গ্রামের দুর্ভিক্ষের করাল ছায়া তাঁর নজরে পড়ে। একটি মুসলমান বালিকার আকুল কান্নায় বিহ্বল স্বামী অখণ্ডানন্দজী দুই আনা দিয়ে তাকে একটি জলের কলসি ও মুড়িমুড়কি কিনে দিলেন। তা দেখে অনাহারক্লীষ্ট আরো বেশ কিছু বালক বালিকা খাবারের আশায় ছুটে এলে বাকি দুই আনা দিয়ে তাদের মুড়ি-মুড়কি কিনে দিয়ে মহারাজ আক্ষরিক অর্থেই কপর্দকশূন্য হয়ে গেলেন। চিন্তাক্লিষ্ট অখণ্ডানন্দজী পরদিন বহরমপুর যাত্রা করতে উদ্যত হলে অন্তরে অনুভব করলেন শ্রীরামকৃষ্ণের আজ্ঞা – ' কোথায় যাবি, এখানে তোর অনেক কাজ। '

শুরু হল শিবজ্ঞানে জীব সেবার প্রথম বাস্তব রূপায়ণ – দুর্ভিক্ষপীড়িত মানুষের ত্রাণকার্য। দুর্ভিক্ষে অনাথ হওয়া কিছু বালকদের নিয়ে অখণ্ডানন্দজী নিকটস্থ মহুলা গ্রামের এক চণ্ডীমণ্ডপের পরিত্যক্ত চালাঘরে একটি অনাথ আশ্রমের পত্তন করলেন। এক বছর পরে অনাথ আশ্রম উঠে এল শিবনগরের কাছাড়ি বাড়িতে।
প্রায় ১৪ বছর পরে সারগাছিতে প্রতিষ্ঠা হল আশ্রম, এক মুসলমান জমিদারের কাছে সুবিধাদরে ৬০ বিঘা জমি ক্রয় করে। বর্তমানে আশ্রম দাঁড়িয়ে আছে প্রায় ১০০ বিঘে জায়গার উপরে। ইতোমধ্যে স্বামী বিবেকানন্দের আদেশে ১৯০০ খ্রীষ্টাব্দে প্রতিষ্ঠিত হয়েছে একটি লোয়ার প্রাইমারি স্কুল, পরের বছরেই যা সরকারী অনুদান পেতে শুরু করে।



একশো বছরের বেশি সময় ধরে নানান ঘাত প্রতিঘাতের মধ্য দিয়ে পথ চলতে চলতে ঐ ক্ষুদ্র বিদ্যায়তন আজকের সারগাছি রামকৃষ্ণ মিশন উচ্চ বিদ্যালয়ে (উ.মা.) পরিণত হয়েছে, যা আশ্রমস্থ তিনটি প্রাথমিক বিদ্যালয়সহ রামকৃষ্ণ মিশনের প্রথম বিদ্যালয় বলে বিশ্বে স্বীকৃত। বিদ্যালয়ের মূল উদ্দেশ্য শুধু নজরকাড়া ফল অর্জন করা নয়, ছাত্রদের সার্বিক বিকাশের পথ তৈরী করাও এর মূল উদ্দেশ্য। আংশিক আবাসিক এই বিদ্যালয়ে পঞ্চম থেকে দ্বাদশ শ্রেণি পর্যন্ত বর্তমানে পাঠরত ছাত্রদের কেউ কেউ প্রথম প্রজন্মের পড়ুয়া। তৎসত্ত্বেও বিদ্যালয়ের ফলাফল প্রতি বছরই যথেষ্ট সন্তোষজনক। খেলাধুলাতেও ছাত্ররা পিছিয়ে নেই। সেই সঙ্গে বিভিন্ন সাংস্কৃতিক ও বিজ্ঞান বিষয়ক প্রতিযোগিতাতেও তাদের সাফল্য বিশেষভাবে উল্লেখযোগ্য। বিদ্যালয়ের ছায়াঘেরা অপরূপ পরিবেশ ছাত্রদের মানসিক পুষ্টিতে যে সহায়তা দান করে তা সত্যিই অনন্য।

সর্বোপরি, রামকৃষ্ণ মিশন যথার্থ মানুষ হওয়ার শিক্ষা দেয়। এ প্রসঙ্গে রামকৃষ্ণ মিশনের প্রতীক এবং স্বামী বিবেকানন্দকৃত তার ব্যাখ্যা নিচে দেওয়া হল –

চিত্রস্থ তরঙ্গায়িত সলিলরাশি কর্মের, কমল ভক্তির এবং উদীয়মান সূর্য জ্ঞানের প্রকাশক। চিত্রগত সর্পপরিবেষ্টনটি যোগ এবং জাগ্রত কুণ্ডলিনী শক্তির পরিচায়ক। চিত্রমধ্যস্থ হংস প্রতিকৃতিটির অর্থ পরমাত্মা। অতএব কর্ম ভক্তি, জ্ঞান ও যোগের সহিত সম্মিলিত হইলেই পরমাত্মার সন্দর্শন লাভ হয়।

প্রতীকস্থ দেবনাগরী হরফে লেখা 'तन्नो हंसः प्रचोदयात् (তন্নোহংসঃ প্রচোদয়াৎ)' এর বাংলা সরলার্থ: হে পরমহংস, আমার হৃদয়কে প্রজ্জ্বলিত করুন।

ভগবান শ্রীরামকৃষ্ণদেবের অন্যতম পার্ষদ স্বামী অখণ্ডানন্দজী মহারাজ কর্তৃক প্রতিষ্ঠিত সারগাছি রামকৃষ্ণ মিশন উচ্চ বিদ্যালয় পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদ (West Bengal Board of Secondary Education) এবং পশ্চিমবঙ্গ উচ্চমাধ্যমিক শিক্ষা সংসদ (West Bengal Council of Higher Secondary Education) অনুমোদিত একটি বাংলা মাধ্যম উচ্চ মাধ্যমিক বিদ্যালয়। বিদ্যালয়টি কেবল ছেলেদের জন্য। জাতি, ধর্ম, মত নির্বিশেষে ছাত্রদের ভর্তি নেওয়া হয়। শিক্ষা বিষয়ে পাঠদানের সাথে সাথে ছাত্রদের চারিত্রিক বিকাশ ও সর্বাঙ্গীণ উন্নতি এই বিদ্যালয়ের অন্যতম লক্ষ্য। "আমার বিদ্যালয় ডায়েরি" নামে একটি স্কুল ডায়েরি প্রত্যেক ছাত্রকে দেওয়া হয় যার মাধ্যমে শিক্ষক,শিক্ষার্থী ও অভিভাবকের মধ্যে যোগসূত্র স্থাপন করা হয়।

## বিদ্যালয়ের নির্দিষ্ট পোশাক :

সাদা শার্ট, নেভি ব্লু প্যান্ট, সাদা মোজা এবং কালো রঙের স্কুল সু। শীতকালে এর সঙ্গে নেভি ব্লু সোয়েটার, মাফলার ও টুপি ব্যবহার করতে পারবে ছাত্ররা। বিদ্যালয়ের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতায় এবং অন্যান্য খেলাধুলায় ছাত্রদের স্পোর্টস ড্রেস পরতে হয়।

## বিদ্যালয়ের কার্যাবলী :

### (ক) পাঠক্রমিক কার্যাবলী :

নিম্নোক্ত পবিত্র বৈদিক মন্ত্রের মধ্য দিয়ে সকাল ১০ টা ৩৫ মিনিটে প্রার্থনা সভার মধ্য দিয়ে বিদ্যালয়ের কাজ শুরু হয়।

ওঁ সহ নাববতু। সহ নৌ ভুনক্তু।
সহ বীর্যং করবাবহৈ। তেজস্বি নাবধীতমস্তু।
মা বিদ্বিষাবহৈ
।। ওঁ শান্তিঃ শান্তিঃ শান্তিঃ।।

(তৈত্তিরীয় উপনিষদ)

ব্রহ্ম যেন আচার্য এবং শিক্ষার্থী উভয়কেই সমানভাবে রক্ষা করেন। জ্ঞানের সুফল তিনি যেন সমানভাবেই আমাদের দান করেন। আমরা উভয়েই যেন জ্ঞানলাভের জন্য সমভাবে কঠোর শ্রমে ব্রতী হই। অর্জিত জ্ঞান যেন আমাদের উভয়ের পক্ষে সমভাবে ফলপ্রদ হয়। আমরা যেন পরস্পরকে হিংসা না করি। আমাদের আধ্যাত্মিক, আধিভৌতিক ও আধিদৈবিক শান্তি হোক।

এই বিদ্যালয়ে মূল পাঠ্য পুস্তকের বাইরে 'ভারতীয় সংস্কৃতি ও নৈতিক শিক্ষা'র পাঠ দেওয়া হয় প্রতিটি শ্রেণিতে। বৃত্তিমূলক শিক্ষার বিষয় হিসেবে প্লাম্বিং ও অটোমোবাইল বিষয়দুটি নবম থেকে দ্বাদশ শ্রেণি পর্যন্ত ছাত্রদের পড়ার সুযোগ থাকে। বিদ্যালয়ে একটি সমৃদ্ধ গ্রন্থাগার ও পাঠকক্ষ (Reading Room) আছে, যা ছাত্রদের খুবই উপকারে আসে। এছাড়া লাইব্রেরির ব্যবহারের অভ্যাস তৈরির জন্য নিয়মিত লাইব্রেরি ক্লাস থাকে। মোট ৬ টি সমৃদ্ধ পরীক্ষাগার আছে। যথা - ডার্করুমসহ পদার্থবিদ্যা, রসায়ন, জীববিদ্যা, ভূগোল ও কম্পিউটারের পরীক্ষাগার এবং সেই সঙ্গে আছে STEM Laboratory. বিদ্যালয়ের 'স্বামী অখণ্ডানন্দ বিজ্ঞান অনুশীলন কেন্দ্র' শিক্ষার্থীদের মনে অনুসন্ধিৎসা বাড়িয়ে চলেছে প্রতিনিয়ত। পর্যায়কালীন অভীক্ষা ও ক্লাস টেস্টের মাধ্যমে শিক্ষার্থীদের শিখন মাত্রা যাচাই করা হয়। প্রস্তুতিকালীন মূল্যায়নে থাকে বিশেষ নজর।

### (খ) সহপাঠক্রমিক কার্যাবলী:

যোগাসন, আবৃত্তি, সঙ্গীতের ক্লাস হয় নিয়মিত। বিদ্যালয়ের অন্যতম একটি কার্যক্রম জাতীয় সমর শিক্ষা - NCC (9 Bengal Battalion, Murshidabad) I

সুস্থ শরীরেই সুস্থ মনের বাস। তাই নিয়মিত শারীরশিক্ষার ক্লাস ছাড়াও Athletics, ক্রিকেট, ফুটবল ইত্যাদি বিষয়ে বিশেষ নজর দেওয়া হয়। আশ্রমস্থ সুবিশাল মাঠে নিয়মিত এসবের অনুশীলন করানো হয়। বিদ্যালয়ের পাঁচটি বিশেষ ক্লাব শিক্ষার্থীদের বিশেষভাবে সমৃদ্ধ করে - Science Club, English Club, Heritage Club,Consumer Club ও Philately Club. সাংস্কৃতিক বিভাগের পক্ষ থেকে বাৎসরিক অনুষ্ঠান ও বিভিন্ন প্রতিযোগিতার আয়োজন করা হয়।

অন্যান্য: 'মায়ার অতীত সম্বোধি' নামক মিউজিয়াম এবং 'বিবেকানন্দ সভাগৃহ' নামক অডিটোরিয়াম বিদ্যালয় তথা আশ্রমের অনন্য সম্পদ।

স্বামী অখণ্ডানন্দ চল্লিশ বছর ধরে দিন রাত প্রাণপাত পরিশ্রম করে আশ্রম তথা বিদ্যালয়ের বিকাশ ঘটিয়েছেন। "মানুষের সেবাই ঈশ্বরের পূজা"--শ্রীরামকৃষ্ণের এই অনুপম বাণীর উদ্ভাস সর্বত্র ছড়িয়ে দিতে পূজনীয় স্বামী অখণ্ডানন্দজীর যুগান্তকারী কাজ এবং কথা আমাদের সর্বদা অনুপ্রাণিত করে।



## ২০২৫ শিক্ষাবর্ষে পঞ্চম থেকে নবম শ্রেণিতে প্রবেশিকা পরীক্ষা সম্পর্কিত জ্ঞাতব্য বিষয়

১) **আবেদন পত্র তোলার তারিখ :** ০৯/০৯/২০২৪ থেকে ০৩/১০/২০২৪ পর্যন্ত ও ০৫/১১/২০২৪ থেকে ১৩/১১/২০২৪ পর্যন্ত।

২) **আবেদন পত্র জমা দেওয়ার তারিখ :** ১৯/০৯/২০২৪ থেকে ০৩/১০/২০২৪ পর্যন্ত ও ০৫/১১/২০২৪ থেকে ১৩/১১/২০২৪ পর্যন্ত।

৩) **আবেদন পত্র তোলা ও জমা দেওয়ার সময় :** সকাল ১১টা থেকে দুপুর ১:৩০টা পর্যন্ত। (ছুটির দিন বাদে)

৪) **অনলাইনে আবেদনের ওয়েবসাইট:** www.admission.rkmsargachi.org / স্ক্যান করুনঃ

*(এই ক্ষেত্রে পেমেন্ট সহ প্রক্রিয়াকরণ সম্পন্ন হওয়ার দশ দিন পর পরীক্ষার প্রবেশপত্র ডাউনলোড করতে পারবেন।)*

৫) **আবেদন পত্রের মূল্য:** ৩৫০ টাকা।

৬) **পরীক্ষার্থীর বয়স:**

| কোন শ্রেণিতে ভর্তি হবে | জন্ম তারিখ | পাঠরত শ্রেণি |
|---|---|---|
| পঞ্চম | ০১.০১.২০১৪ — ৩১.১২.২০১৪ | চতুর্থ |
| ষষ্ঠ | ০১.০১.২০১৩ — ৩১.১২.২০১৩ | পঞ্চম |
| সপ্তম | ০১.০১.২০১২ — ৩১.১২.২০১২ | ষষ্ঠ |
| অষ্টম | ০১.০১.২০১১ — ৩১.১২.২০১১ | সপ্তম |
| নবম | ০১.০১.২০১০ — ৩১.১২.২০১০ | অষ্টম |

৭) পঞ্চম ও ষষ্ঠ শ্রেণিতে বিদ্যালয়ে ভর্তির জন্য ছাত্রকে পূর্ববর্তী শ্রেণির পশ্চিমবঙ্গ সরকার অনুমোদিত পাঠ্যক্রম অনুযায়ী বাংলা (৩০ নম্বর), ইংরেজি (৩০ নম্বর), গণিত (৪০ নম্বর) ও রামকৃষ্ণ মিশন বিষয়ে (১০ নম্বর) (মোট ১১০ নম্বরের) পরীক্ষায় বসতে হবে ।প্রস্তুতির জন্য বাংলা ও ইংরেজি বিষয়ে সরকার প্রদত্ত পুস্তক এবং গণিতের জন্য সরকার প্রদত্ত পুস্তক ছাড়াও বিভিন্ন প্রতিযোগিতামূলক পুস্তকের সাহায্য নেওয়া বাঞ্ছনীয়।

প্রবেশিকা পরীক্ষার মোট সময় — ২ ঘন্টা ২০ মিনিট।

৮) প্রবেশিকা পরীক্ষার প্রস্তুতির জন্য বিদ্যালয়ের পক্ষ থেকে কোন কোচিং ক্লাসের আয়োজন করা হয় না। আবেদনপত্রের সঙ্গে পূর্ববর্তী বছরের পরীক্ষার প্রশ্নপত্র দেওয়া হয় না।

**রামকৃষ্ণ মিশন বিষয়ে সহায়ক পুস্তক —**

**'শ্রীমৎ স্বামী অখণ্ডানন্দ'**। প্রকাশক — 'রামকৃষ্ণ মিশন আশ্রম, সারগাছি'।

(পুস্তকটি ৪০ টাকার বিনিময়ে বিদ্যালয় অফিস থেকেও সংগ্রহ করা যেতে পারে।)

৯) পঞ্চম শ্রেণিতে **ছাত্রাবাসে ভর্তির জন্য** আবেদনকারী ছাত্রদের মেধাতালিকা অনুসারে বিদ্যালয়ের ছাত্রাবাসে (বিদ্যার্থী ভবন) থাকার উপযুক্ত বলে বিবেচনা করা হবে। **ইচ্ছুক অভিভাবককে ছাত্রাবাসে ভর্তি করার জন্য ১০০ টাকার বিনিময়ে আলাদা ফর্ম পূরণ করতে হবে। (আসন সংখ্যা সীমিত।)**

১০) পঞ্চম ও ষষ্ঠ শ্রেণির লিখিত পরীক্ষার সম্ভাব্য তারিখ: ০১.১২.২০২৪।

১১) সপ্তম, অষ্টম ও নবম শ্রেণির জন্য সম্ভাব্য পরীক্ষার তারিখ : ০৮.১২.২০২৪।

(ভর্তির জন্য ছাত্রকে পূর্ববর্তী শ্রেণির পশ্চিমবঙ্গ সরকার অনুমোদিত পাঠ্যক্রম অনুযায়ী বাংলা, ইংরেজি, গণিত ও রামকৃষ্ণ মিশন বিষয়ক পরীক্ষার প্রস্তুতি নিতে হবে ।)

১২) **পরীক্ষার স্থান:** সারগাছি রামকৃষ্ণ মিশন উচ্চ বিদ্যালয় । সময় — সকাল ১১টা।

- **বি.দ্র. —** কোনো ভুল তথ্য পরিবেশিত হলে ফর্ম বা ভর্তি বাতিল হতে পারে এবং সেক্ষেত্রে ফর্ম বা ভর্তির টাকা ফেরৎ পাওয়া যাবে না।
- আবেদনপত্র তোলার সময় Birth Certificate (Original) সঙ্গে আনতে হবে।

**বিশেষ কারণে যদি কোনো পরিবর্তন ঘটে সেজন্য পরীক্ষার অন্তত তিন দিন আগে ওয়েবসাইটে নজর রাখার জন্য সকলকে অনুরোধ করা হচ্ছে।**

# ২০২৫ শিক্ষাবর্ষে পঞ্চম শ্রেণীতে ভর্তির পরীক্ষার জন্য পাঠ্যক্রম

## পঞ্চম শ্রেণীতে ভর্তির জন্য বাংলা পরীক্ষার পাঠ্যক্রম (Total Marks- 30):

পাঠ্যপুস্তক: পাতাবাহার

ব্যাকরণ: ভাষাপাঠ-

১. কথাবলার যন্ত্রপাতি
২. স্বরধ্বনি
৩. ব্যঞ্জনধ্বনি
৪. স্বরসন্ধি
৫. বাক্যের কথা
৬. যতিচিহ্ন
৭. প্রতিশব্দ
৮. দিনলিপি
৯. অনুচ্ছেদ রচনা

## Syllabus for Admission Test for Class: V (Subject- English) (Total Marks- 30):

1. Comprehension Test of a passage (carrying about 10 marks)
2. Grammar and Vocabulary of about 10 marks
   - i. Use of correct verb form in sentences
   - ii. Change of verb form
   - iii. Regular and irregular verbs
   - iv. Use of articles and prepositions
   - v. Making sentences
   - vi. Arranging jumbled letters to make words
   - vii. Crossword puzzles
   - viii. Arranging jumbled words to make sentences
   - ix. Making plurals
   - x. Finding odd man out
   - xi. Sound of animals
   - xii. Babies of animals
   - xiii. Words with similar meaning
   - xiv. Opposite words
   - xv. Gender
   - xvi. Identification of Nouns, Verbs, Adjectives and Adverbs
3. Writing a paragraph (carrying about 10 marks) on a topic like Your Friend, Your Mother, Your Village or Town etc.

পঞ্চম শ্রেণীতে ভর্তির জন্য গণিত পরীক্ষার পাঠ্যক্রম (Total Marks- 40):

1. কথায় লেখ ও সংখ্যায় লেখো
2. সরলীকরণ (বন্ধনী সহযোগে)
3. সংখ্যাতত্ব (মৌলিক সংখ্যা, যৌগিক সংখ্যা, জোড় সংখ্যা, বিজোড় সংখ্যা, পরস্পর মৌলিক সংখ্যা, সর্বোচ্চ ও সর্বনিম্ন সংখ্যা নির্ণয়, গুণিতক, উৎপাদক, বিভাজ্যতার নিয়মাবলী)
4. যোগ, বিয়োগ, গুণ ও ভাগের উপর গাণিতিক সমস্যার সমাধান
5. সময়ের উপর গাণিতিক সমস্যার সমাধান (সেকেন্ড, মিনিট, ঘন্টা ইত্যাদি)
6. ভগ্নাংশের হিসাব ও সমস্যার সমাধান
7. মেট্রিক পদ্ধতি প্রয়োগ, টাকা-পয়সা সংক্রান্ত সমস্যার সমাধান
8. গড়, ঐকিক নিয়মের প্রয়োগ
9. বর্গ ও বর্গমূলের ব্যবহার ও প্রয়োগ (অখণ্ড সংখ্যার)
10. বর্গক্ষেত্র ও আয়তক্ষেত্রের পরিসীমা ও ক্ষেত্রফল সংক্রান্ত সমস্যা।
11. ল.সা.গু. ও গ.সা.গু. নির্ণয় ও তাঁর প্রয়োগ
12. শতকরা ও অনুপাত
13. সাধারণ শ্রেণী সংক্রান্ত সমস্যা
14. পারিবারিক হিসাব সংক্রান্ত সমস্যার সমাধান
15. বিন্দু, রেখা, তলের ধারণা, বিভিন্ন প্রকার ঘনবস্তু সংক্রান্ত ধারণা [আয়তঘন, প্রিজম, লম্ব, শঙ্কু লম্ব চোঙ, গোলক]

# Sargachi Ramakrishna Mission High School

(The first school of Ramakrishna Mission, ESTD. IN 1900 A.D.)

P.O.- Sargachi Ashrama, P.S.- Beldanga, DIST.- Murshidabad


PIN- 742408 (W.B.), Phone No. — 03482-296701 (L), 9144859231 (M)

Email — srkmhs1900@gmail.com, Website – www.rkmsargachi.org/rkm-hs-school

## Admission Notice for Students from Class V to IX for the 2025 Academic Year Through Entrance Examination

### Glimpses of the school's Past and Present

It was the month of May, 1897. Swami Akhandananda, one of the renowned disciples of Sri Ramakrishna and very dear to Swami Vivekananda, set out on a journey for the famous places of Bengal towards north along the bank of the Ganges. After crossing Plassey, he reached Dadpur (erstwhile 'Daudpur') village, the famine-stricken faces of which moved him deeply. There he came across a lean Muslim girl weeping piteously for breaking her water pitcher. Being perturbed, Akhandanandji bought her a pitcher and a little 'muri'. Seeing it some other starving boys and girls rushed to him. Akhandanandji spent for them the remaining two annas that he had with him and turned literally penniless. The next day before stepping a foot ahead he perceived the divine words of Thakur Ramakrishna in his heart: 'Where are you going? You have lots of work here.' And then the seed of the plant of "Serving man as God" was sown. Famine had to be fought. Akhandanandji worked day and night. Taking a few boys turned orphans due to the famine, he set up an orphanage at an abandoned hut of 'Chandimandap' in the nearby village of Mahula. After a year, the orphanage was shifted to the 'Kachhari bari' in the village of Shibnagar. About fourteen years later, he established an 'Ashrama' at a land of fifty bighas in the village of Sargachi, purchasing it at a cheap rate from a Muslim zamindar and the orphanage was moved there. The Ashrama continued to expand after his passing away and it presently occupies a hundred bighas of land. Following the instruction of Swami Vivekananda, a Lower Primary School had already been founded in 1900 at Shibnagar by Akhandanandji and it started receiving government grant from the next year. Walking through ups and downs in its long journey of over hundred years that small institution has turned into Sargachi Ramakrishna Mission High School (H.S.) which along with the three units of Primary School is recognised worldwide as the first school of Ramakrishna Mission. Surrounded by ineffable greenery of the Ashrama, the environment of the school is unique in catering to the mental growth of the children.



The primary target of the school is not only to shine academically, but also, to ensure all-round development of the students. Partly residential this school runs at present from class five to class twelve. In spite of many students belonging to first generation learners, the school's result is satisfactory enough every year. Due attention is given to sharpen their sporting skill and to make them interested in cultural and science related

activities. Their success every year in these fields is a matter of glory to us.
Ramakrishna Mission always aims at nurturing perfection in human beings. Let us have a look at the emblem of Ramakrishna Mission and the explanation given by Swami Vivekananda.

"The wavy waters in the picture are symbolic of Karma, the lotus of Bhakti, and the rising sun of Jnana. The encircling serpent is indicative of Yoga and awakened Kundalini Shakti, while the swan in the picture stands for Paramatman. Therefore, the ideal of the picture is that by the union of Karma, Jnana, Bhakti and Yoga, the vision of the Paramatman is obtained."
It is written in Sanskrit: ' तन्नो हंसः प्रचोदयात् (*Tanno hamsah prachodayat).* '
It means, " May the Supreme Self (the Paramatman) symbolized by the Swan (hamsa), awaken our higher understanding.

Approved by WBBSE and WBCHSE, it is a Bengali medium school only for the boys- irrespective of caste, religion and faith. The school maintains a diary named 'Amar Vidyalaya Diary' for building up proper communication among the students, guardians and teachers.

## School Uniform:

White shirt and navy-blue pant with white socks and black school shoes. Navy blue sweater, muffler and cap are to be used in winter. Sports dress is compulsory for sporting activities.

## School Activities:

### (1) Curricular Activities:

The curricular activities of the school start at 10:35 a.m. with the chanting of the holy Vedic hymn through a Prayer Assembly:

" Aum Sahana babatu  Sahanau Bhunaktu
Saha- viryam Kara-vaa-va-hai
Tejas-vinaa-vadhita-mastu
Maa Vidvishaa-va hai
Aum Shanti, Shanti, Shanti."

*(Taittiriya Upanishad)*

Let us be saved together, and be united and strengthened together too. May Brahman protect us both, the preceptor and the disciple. May he nourish us both. May we work  together with great energy. May our study be vigorous and fruitful. Let us not be jealous of each other.
For imparting ethical lesson to the students there is a special subject called "Indian Culture and Moral Education" for every class.

For imparting vocational education, the students are allowed to opt for plumbing and automobiles from class nine to class twelve.

The school has a well-equipped library and reading room for the students. For promoting self-study and habit of use of the library, there is an arrangement of regular library class.

There are six well-equipped laboratories of Physics (including a Dark Room), Chemistry, Biology, Computer, Geography and STEM.

Summative tests and class tests are conducted and at the same time special attention is given to the students' formative evaluation.

### (2) Co-curricular activities:

There is regular class of yoga, recitation and music. NCC classes (9 Bengal battalion, Murshidabad) are held on regular basis. Special attention is given for developing skills in athletics, cricket and football in addition to the regular physical education classes. We have Science Club, English Club, Heritage Club, Consumer Club and Philately Club for the enrichment of the students. 'Swami Akhandananda Science Cultivation Centre' of the school is in continuous service to arouse interest of the students in science. Cultural department of the school holds various cultural competitions and functions annually.

> Others: The museum named 'Truth Beyond Maya' and the Auditorium named 'Vivekananda Savagriha' are unique treasures of the Ashrama enshrining the school

Swami Akhandananda worked untiringly for forty years for the Ashrama enshrining the school. His epoch-making works and words continue to inspire us in the mission of disseminating the message of Sri Ramakrishna: SERVICE TO MAN IS SERVICE TO GOD.



## Information related to Admission for Students from Class V to IX for the 2025 Academic Year

1. **Dates for Collecting Application Forms:** From 09/09/2024 to 03/10/2024 and from 05/11/2024 to 3/11/2024.
2. **Dates for Submitting Application Forms:** From 19/09/2024 to 03/10/2024 and from 05/11/2024 to 3/11/2024.
3. **Time for Collecting and Submitting Application Forms:** From 11:00 AM to 1:30 PM (except holidays).
4. **Website for online submission of Application Forms:** www.admission.rkmsargachi.org / Scan it:
   (In this case, you will be able to download the examination admit card ten days after the payment along with the processing is completed.)
5. **Application Form Fee:** 350.00
6. **Age of the Applicant:**

| Class to be Admitted to | Date of Birth | Academic Class |
|---|---|---|
| Class 5 | 01.01.2014 – 31.12.2014 | Class 4 |
| Class 6 | 01.01.2013 – 31.12.2013 | Class 5 |
| Class 7 | 01.01.2012 – 31.12.2012 | Class 6 |
| Class 8 | 01.01.2011 – 31.12.2011 | Class 7 |
| Class 9 | 01.01.2010 – 31.12.2010 | Class 8 |

7. **For Admission to Class Five and Six:** The student must take an entrance examination based on the West Bengal Government's approved curriculum for the previous class, which will include Bengali (30 marks), English (30 marks), Mathematics (40 marks) and Ramakrishna Mission-related topics (10 marks) (for a total of 110 marks).
The entrance examination will last 2 hours 20 minutes.

8. **Preparation for the Entrance Examination:** No coaching classes are organized by the school for preparation for the entrance examination. Previous year's question papers are not provided with the application form.

   For preparation, it is recommended to use the government-provided textbooks for Bengali and English, and in addition to the government-provided textbooks for Mathematics, various competitive books may be used.

   The supplementary book for "Ramakrishna Mission" related topics is "Srimat Swami Akhandananda"; Publisher: "Ramakrishna Mission Mission Ashrama, Sargachi. The book is available at the school office at the cost of Rs. 40. For Admission to the Hostel for Class Five: Students applying for hostel admission will be considered eligible to stay at the school hostel (Vidyarthi Bhavan) based on the merit list. Interested guardians must fill out a separate form for hostel admission with a fee of Rs. 100. (Seats are limited.)
9. **Tentative Date for the Written Examination for Class V & VI:** 01/12/2024.
10. **Examination Venue:** Sargachi Ramakrishna Mission High School. Time: 11:00 AM.
11. **Tentative date of examination for Classes VII, VIII & IX:** 08/12/2024.

(For Admission to Class VII to IX: The student must take an entrance examination based on the West Bengal Government's approved curriculum for the previous class, which will include Bengali, English, Mathematics and Ramakrishna Mission-related topics.

In case of any changes for special reasons, everyone is requested to keep an eye on the website at least three days before the examination.

Note:

- Any incorrect information provided may lead to the cancellation of the form or admission, and in such cases, the form or admission fee will not be refunded.
- The Birth Certificate (Original) must be brought at the time of collecting the application form.
- Kindly keep an eye on our website for any change at least three days before the examination.

# Syllabus for Admission Test 2025 for Class: V

## Syllabus for Admission Test for Class: V (Subject- Bengali) (Total Marks- 30):

পাঠ্যপুস্তক: পাতাবাহার

ব্যাকরণ: ভাষাপাঠ-

১. কথাবলার যন্ত্রপাতি
২. স্বরধ্বনি
৩. ব্যঞ্জনধ্বনি
৪. স্বরসন্ধি
৫. বাক্যের কথা
৬. যতিচিহ্ন
৭. প্রতিশব্দ
৮. দিনলিপি
৯. অনুচ্ছেদ রচনা

## Syllabus for Admission Test for Class: V (Subject- English) (Total Marks- 30):

1) Comprehension Test of a passage (carrying about 10 marks)
2) Grammar and Vocabulary of about 10 marks
   i) Use of correct verb form in sentences
   ii) Change of verb form
   iii) Regular and irregular verbs
   iv) Use of articles and prepositions
   v) Making sentences
   vi) Arranging jumbled letters to make words
   vii) Crossword puzzles
   viii) Arranging jumbled words to make sentences
   ix) Making plurals
   x) Finding odd man out
   xi) Sound of animals
   xii) Babies of animals
   xiii) Words with similar meaning
   xiv) Opposite words
   xv) Gender
   xvi) Identification of Nouns, Verbs, Adjectives and Adverbs
3) Writing a paragraph (carrying about 10 marks) on a topic like Your Friend, Your Mother, Your Village or Town etc.

Syllabus for Admission Test for Class: V (Subject- Mathematics) (Total Marks- 40):

1. কথায় লেখ ও সংখ্যায় লেখো
2. সরলীকরণ (বন্ধনী সহযোগে)
3. সংখ্যাতত্ত্ব (মৌলিক সংখ্যা, যৌগিক সংখ্যা, জোড় সংখ্যা, বিজোড় সংখ্যা, পরস্পর মৌলিক সংখ্যা, সর্বোচ্চ ও সর্বনিম্ন সংখ্যা নির্ণয়, গুণিতক, উৎপাদক, বিভাজ্যতার নিয়মাবলী)
4. যোগ, বিয়োগ, গুণ ও ভাগের উপর গাণিতিক সমস্যার সমাধান
5. সময়ের উপর গাণিতিক সমস্যার সমাধান (সেকেন্ড, মিনিট, ঘণ্টা ইত্যাদি)
6. ভগ্নাংশের হিসাব ও সমস্যার সমাধান
7. মেট্রিক পদ্ধতি প্রয়োগ, টাকা-পয়সা সংক্রান্ত সমস্যার সমাধান
৪. গড়, ঐকিক নিয়মের প্রয়োগ
9. বর্গ ও বর্গমূলের ব্যবহার ও প্রয়োগ (অখণ্ড সংখ্যার)
10. বর্গক্ষেত্র ও আয়তক্ষেত্রের পরিসীমা ও ক্ষেত্রফল সংক্রান্ত সমস্যা।
11. ল.সা.গু. ও গ.সা.গু. নির্ণয় ও তাঁর প্রয়োগ
12. শতকরা ও অনুপাত
13. সাধারণ শ্রেণী সংক্রান্ত সমস্যা
14. পারিবারিক হিসাব সংক্রান্ত সমস্যার সমাধান
15. বিন্দু, রেখা, তলের ধারণা, বিভিন্ন প্রকার ঘনবস্তু সংক্রান্ত ধারণা [আয়তঘন, প্রিজম, লম্ব, শঙ্কু লম্ব চোঙ, গোলক]